

**বিষয়: জেলা পর্যায়ে সাহিত্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন উপলক্ষ্যে স্থানীয় কবি সাহিত্যিকদের
লেখা আহ্বান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তৃণমূল পর্যায়ে কবি সাহিত্যিকদের সাহিত্যকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধরার জন্য ঝিনাইদহ জেলায় আগামি ১৯-২০ অক্টোবর ২০২২ তারিখে সাহিত্য মেলা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। এপ্রেক্ষিতে ঝিনাইদহ জেলার স্থায়ী বাসিন্দাগণের মধ্যে আগ্রহী কবি, সাহিত্যিক ও লেখকগণকে সংশ্লিষ্ট বিষয়ের স্ক্রিপ্ট (স্থায়ী ঠিকানাসহ) স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় অথবা সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহে আগামী ১০-১০-২০২২ তারিখের মধ্যে জমাদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, ১০-১০-২০২২ তারিখের পরে আর কোন লেখা জমা নেয়া হবে না।

বিষয়সমূহ:

- ১) কবি কণ্ঠে কবিতা/ছড়া পাঠ
- ২) কথা সাহিত্যিকদের ছোটগল্প উপন্যাস থেকে পাঠ
- ৩) নাট্যকারদের নাটক থেকে পাঠ

এমতাবস্থায় ঝিনাইদহ জেলার স্থানীয় লেখকদের লেখা আগামি ১০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে স্ক্রিপ্টসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় অথবা সাধারণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।